গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/ ৯২৫৩ তারিখঃ ২৮/১০/২০১৫ইং।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ---------------------- ।

বিষয় ঃ **e-GP Portal এ জেলা নির্বাহী প্রকৌশলী দপ্তরের আওতায় তৈরীকৃত উপজেলা প্রকৌশলী, সদর এর Govt. User ID টি Deactivate করণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, e-GP পদ্ধতিতে কাজ বাস্তবায়নের প্রাথমিক পর্যায়ে শুধুমাত্র পাইলট ভিত্তিতে ৬৪টি জেলা নির্বাহী প্রকৌশলীর দপ্তরকে ই-টেন্ডারিং এর মাধ্যমে দরপত্র আহ্বানের জন্য প্রস্তুত করা হয়। পরবর্তীতে e-GP বাস্তবায়নে জেলা নির্বাহী প্রকৌশলীর দপ্তরের সাফল্যের ধারাবাহিকতায় সকল উপজেলা প্রকৌশলীর দপ্তরকে ই-জিপি পদ্ধতির আওতায় আনা হয় এবং সে প্রেক্ষিতে উপজেলা পর্যায়ে PE Office তৈরী এবং e-GP ব্যবহারকারীগণের জন্য User ID দেওয়া হয়। ফলে, বর্তমানে প্রতিটি উপজেলা PE Office এর আওতায় ক্রয়কারী এবং দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য হিসাবে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর একটি User ID বিদ্যমান রয়েছে।

উল্লেখ্য, ই-জিপি বাস্তবায়নের প্রাথমিক পর্যায়ে জেলা PE Office এর আওতায় সংশ্লিষ্ট জেলার অন্তর্গত সদর উপজেলার উপজেলা প্রকৌশলীকে দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য হিসাবে অন্তর্ভূক্তির লক্ষ্যে প্রতিটি জেলা PE Office এ সদর উপজেলা প্রকৌশলীর জন্য ১টি Govt. User ID তৈরী করা হয়েছিল। ফলে বর্তমানে e-GP Portal এ প্রত্যেক সদর উপজেলা প্রকৌশলীর দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য হিসাবে ভূমিকা পালনের ক্ষেত্রে ২টি Govt. User ID বিদ্যমান রয়েছে। এক্ষনে, সদর উপজেলা প্রকৌশলীর যে Govt. User ID টি প্রাথমিক পর্যায়ে তৈরী করা হয়েছিল তা Deactivate করা জরুরী এবং এখন হতে জেলা পর্যায়ে দরপত্র মূল্যায়ন কমিটি তৈরীর সময় সদর উপজেলার উপজেলা প্রকৌশলীকে অন্তর্ভূক্তির ক্ষেত্রে তার নিজস্ব PE Office এর আওতায় তৈরীকৃত User ID টি ব্যবহার করতে হবে। এ পরিপ্রেক্ষিতে বিষয়টি ফলপ্রসুভাবে সম্পন্ন করার জন্য জরুরীভিত্তিতে নিম্নবর্ণিত ধাপ অনুসরণ করার জন্য বলা হলো-

ক) চলমান দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে জেলা PE Office এর আওতায় তৈরীকৃত সদর উপজেলা প্রকৌশলীর Govt. User ID টি ব্যবহৃত হলে তা দিয়ে দরপত্রের মূল্যায়ন সমাপ্ত করতে হবে।

খ) এখন থেকে যে সকল দরপত্র আহ্বান করা হবে সে সব দরপত্রের ক্ষেত্রে সদর উপজেলা প্রকৌশলীর নিজস্ব PE Office এর আওতায় তৈরীকৃত Govt. User ID (জেলার জন্য "Other PE" Option) ব্যবহার করে দরপত্র মূল্যায়ন কমিটি তৈরী করতে হবে।

গ) চলমান যে সকল দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে সদর উপজেলা প্রকৌশলীর পূর্ববর্তী Govt. User ID টি ব্যবহৃত হচ্ছে সে সকল দরপত্রের মধ্যে সর্বশেষ মূল্যায়িত দরপত্রটির মূল্যায়ন সমাপ্তির অব্যবহিত পরই পূর্ববর্তী Govt. User ID টি Deactivate করতে হবে।

ঘ) e-GP Portal-এ সদর উপজেলা প্রকৌশলীর পূর্ববর্তী Govt. User ID টি উপরোক্ত ধাপ অনুসরণ করে আগামী ৩০ দিনের মধ্যে Deactivate করণ নিশ্চিত করে প্রকিউরমেন্ট ইউনিটে ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

২৮/১০/২০১৫

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি ঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ....................................................... ।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ....................................উপজেলা, জেলাঃ ....................................... ।

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc